রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ২৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিভাগীয় বিশেষ জজের কার্যালয়, বরিশাল।**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্ন তপসিল বর্ণিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হইয়াছে। কিন্তু তাহাকে না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই।

এবং যেহেতু, ১৮৯৮ ইং সনের ফৌজদারী কার্যবিধি এর ৮৭/৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে।

এবং যেহেতু, অত্র আদালতের বিশ্বাস করিবার মত যথেষ্ট কারণ রহিয়াছে যে, উক্ত আসামী গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছেন বা আত্মগোপন করিয়াছেন।

এবং যেহেতু, উক্ত আসামীকে শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই। সেহেতু, ১৯৫৮ ইং সালের ক্রিমিনাল 'ল' এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট এর ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপসিল বর্ণিত আসামীকে তাহার নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে আদালতে হাজির হইবার নির্দেশ প্রদান করা হইল। অন্যথায়, তাহার অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

**তপসিল**

| ক্রঃ নং | আসামীর নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|---|---|---|
| ১। | (১) মোঃ দেলোয়ার হাসান, সাবেক শাখা ব্যবস্থাপক, গ্রামীণ ব্যাংক, রায়পাশা বরিশাল শাখা, নবগ্রাম রোড, বরিশাল, পিতা-মোঃ জয়নাল আবেদিন দফাদার, সাং-ছাতিয়ানতলা, থানা-কোতয়ালী, জেলা-যশোর। | স্পেশাল মামলা নং-০৮/২০১৭ (বরিশাল), কোতয়ালী থানার মামলা নং-৬১, তারিখঃ ৩০-০৭-১২, তথা জি,আর-৪৩৬/১২, ধারা-মানি লন্ডারিং আইন, ২০০৯ এর ৪(২) তৎসহ ২০১২ সনের মানি লন্ডারিং প্রতিরোধ আইনের ৪ (২০) (৩) ধারা। (নিয়মিত ধার্য তারিখঃ ২৬-০৮-২০১৮ ইং) |

**মুনসী রফিউল আলম**
বিভাগীয় বিশেষ জজ, বরিশাল।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০